প্রধানমন্ত্রী আবাস যোজনায় ৩ কোটি অতিরিক্ত বাসগৃহ নির্মাণ হবে।

৫ লক্ষ কোটি টাকা
পাকা বাড়ির সাহায্যে কোটি কোটি পরিবারের জীবন মর্যাদাপূর্ণ করে তুলতে

মোদি ৩.০-র ১০০ দিন
বিকশিত ভারতের পথ নির্মাণ

Government of India

CBC 22201/13/0014/2425

Aajkaal: 18.09.2024: Kolkata, Siliguri

অভিষেকের সৌজন্য

আজকালের প্রতিবেদন

ফের সৌজন্যের দৃষ্টান্ত। নরেন্দ্র মোদির জন্মদিনে শুভেচ্ছা অভিষেক ব্যানার্জির। এক্স হ্যান্ডলে লেখেন, 'মাননীয় প্রধানমন্ত্রীকে জন্মদিনে আন্তরিক শুভেচ্ছা। আপনার সুস্বাস্থ্য ও সুখ কামনা করি।'

জাগো বাংলা-র সম্পাদক হলেন শোভনদেব

শোভনদেব চট্টোপাধ্যায়

আজকালের প্রতিবেদন

আর জি কর নিয়ে একটানা দলবিরোধী মন্তব্য করার জন্য তৃণমূল কংগ্রেসের মুখপত্র জাগো বাংলা-র সম্পাদকের পদ থেকে সরানো হল সুখেন্দুশেখর রায়কে। নতুন সম্পাদক হলেন কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। যদিও সুখেন্দুকে এখনও শোকজ করা হয়নি। তিনি রাজ্যসভার সদস্য। শোভনদেব চট্টোপাধ্যায় দীর্ঘদিন ধরে কাগজ প্রকাশনার সঙ্গে যুক্ত। এই মুহূর্তে তিনি 'গণতন্ত্র অঙ্গীকার' নামের একটি কাগজের সম্পাদক। জাগো বাংলাতেও বহু লেখা প্রকাশ হয়েছে তাঁর। শোভনদেব বলেন, 'কাগজের দায়িত্ব নিতে হলে আগে সেই কাগজের দৃষ্টিভঙ্গি বুঝতে হবে। আমি রাজ্যের মন্ত্রী। মমতা ব্যানার্জি আমাকে মন্ত্রিসভায় স্থান দিয়েছেন। কাজও প্রচুর। তবে তার জন্য জাগো বাংলা-র কাজ আটকাবে না। আমি যখনই সময় পাব, তখনই জাগো বাংলা দপ্তরে যাব। কাগজের অফিসে না গেলে কাজ করা যায় না। দপ্তরে গিয়ে অনেক কিছু জানা যায়। খবরাখবর সম্পর্কে ওয়াকিবহাল থাকা যায়। কর্মীদের সঙ্গে আদানপ্রদান করা যায়। তাই নতুন দপ্তরে যাব।'

ধসবিধ্বস্ত ১০ নম্বর জাতীয় সড়ক। শ্বেতীঝোরায়, মঙ্গলবার। ছবি: আজকাল

ধসে বন্ধ হল সিকিমগামী জাতীয় সড়ক

অলক সরকার
শিলিগুড়ি, ১৭ সেপ্টেম্বর

পুজোর পর্যটন মরশুম শুরু হতে-না-হতেই ধসবিধ্বস্ত হয়ে পড়ল সিকিমগামী জাতীয় সড়ক। মঙ্গলবার ভোরে শিলিগুড়ি থেকে সিকিমের পথে হুড়মুড়িয়ে ধসে পড়ে রাস্তা। কালিম্পঙের শ্বেতীঝোরার কাছে সকালে গাড়িচালকেরা এই পরিস্থিতি দেখতে পান। এরপরই পূর্ত দপ্তর এবং কালিম্পং জেলা প্রশাসনের কর্তাব্যক্তিরা চলে আসেন ঘটনাস্থলে। ক্ষতির পরিমাণ অনেক। আপাতত ওই রাস্তায় কোনও মতেই গাড়ি চালানো সম্ভব নয়। পরিস্থিতি আন্দাজ করে সকাল থেকেই ১০ নম্বর জাতীয় সড়ক বন্ধ ঘোষণা করা হয়। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই রুটে গাড়ি চালানো মানা বলে প্রশাসনের তরফে জানিয়ে দেওয়া হয়। তাই আপাতত গরুবাথান লাভা কালিম্পং রুট হয়ে সিকিমে যানবাহন চলাচলের ব্যবস্থা করা হয়েছে।

পুজোর পর্যটন মরশুমের শুরুতেই রাস্তার এমন বিধ্বস্ত দশায় মাথায় হাত পড়েছে পর্যটন ব্যবসায়ীদের। জাতীয় সড়ক বন্ধ থাকলে প্রচুর বুকিং বাতিল হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানান বিভিন্ন পর্যটন সংস্থার কর্তারা। এতে দার্জিলিঙে পর্যটকের ভিড় আরও বাড়তে পারে বলেও মনে করা হচ্ছে।

পূর্ত দপ্তরের তরফে জানানো হয়েছে, যুদ্ধকালীন তৎপরতায় শ্বেতীঝোরায় রাস্তা মেরামতির কাজ শুরু করা হয়েছে। তবে যেভাবে ক্ষতি হয়েছে তাতে দু-একদিনের মধ্যে রাস্তা চালু করা কঠিন।

তিস্তাবাজার এলাকার বাসিন্দারা জানান, 'সপ্তাহখানেক ধরে দফায় দফায় বৃষ্টির জেরে পরিস্থিতির অবনতি হয়। তবে এই সময় এভাবে ধসের ঘটনা ঘটবে সেটা আমরাও ভাবতে পারিনি।'

সন্দীপ, অভিজিতের সিবিআই হেফাজত

আজকালের প্রতিবেদন

আর জি কর হাসপাতালে চিকিৎসক খুন ও ধর্ষণের মামলায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মণ্ডলকে ২০ সেপ্টেম্বর পর্যন্ত ফের নিজেদের হেফাজতে নিল সিবিআই। এদিন আদালতে সিবিআইয়ের আইনজীবী সওয়ালে জানিয়েছেন, ধর্ষণের ঘটনায় এখনও পর্যন্ত একজনকে গ্রেপ্তার করা হলেও, গণধর্ষণের ঘটনা ঘটেছিল কি না, তা এখনও তদন্তসাপেক্ষ। সন্দীপ ও অভিজিৎ অসৎ উদ্দেশে তথ্যপ্রমাণ ও গুরুত্বপূর্ণ প্রমাণ নষ্ট করেছেন। এঁরা তদন্তে সহায়তা করছেন না এবং উল্টোপাল্টা উত্তর দিচ্ছেন। এবং সত্য কথা জেরায় এখনও বলছেন না। এঁদের হেফাজতে নিয়ে ফের জেরার প্রয়োজন আছে। সিবিআই আদালতে জানিয়েছে, এই ঘটনার তদন্তে তথ্যপ্রমাণ সরিয়ে দেওয়ার পেছনে আর কারা জড়িত, তা জানতে হবে। ঘটনার পর ধৃত সন্দীপ ঘোষ ঘটনাস্থলে ইচ্ছাকৃতভাবেই যাননি এবং এফআইআর দায়ের করা থেকে শুরু করে ঘটনাস্থল(সিন অফ ক্রাইম)-এ যা যা সংরক্ষণ করা প্রয়োজন, সে বিষয়ে কোনও উদ্যোগ নেননি। সিবিআই মনে করছে, দেরিতে এফআইআর করার পেছনে বৃহত্তর ষড়যন্ত্র থাকলেও থাকতে পারে। মঙ্গলবার শিয়ালদা আদালতের ভারপ্রাপ্ত এসিজেএম শিবাশিস দে-র এজলাসে তোলা হয় দুই ধৃতকে। সিবিআইয়ের আইনজীবী বলেন, সিসিটিভি ফুটেজ এবং কল ডিটেইলস এবং সিডিআর নেওয়ার দরকার আছে। মোবাইল ফোন ও নথি বাজেয়াপ্ত করা হয়েছে। কিছু সন্দেহজনক লোকের সম্পর্কে জানা যাচ্ছে। টালা থানার সিসিটিভি ফুটেজের হার্ডডিস্ক সংগ্রহ করা হয়েছে। যার ভিত্তিতে এঁদের আরও জিজ্ঞাসাবাদের প্রয়োজন। সিবিআইয়ের আইনজীবী বলেছেন, এঁদের জেরা করে বেশ কিছু সন্দেহজনক মোবাইল নম্বর সামনে এসেছে। সিসিটিভি ফুটেজে দেখা গেছে বেশকিছু সন্দেহজনক লোকের ঘোরাঘুরির বিষয়। অভিজিৎ মণ্ডলের তরফে এদিন আদালতে ছিলেন আইনজীবী তীর্থঙ্কর রায়, অয়ন ভট্টাচার্য এবং সোমনাথ সান্যাল। তীর্থঙ্কর রায় বলেন, ধৃত অভিজিৎ মণ্ডলের বিরুদ্ধে যে ধারা দেওয়া হয়েছে, তা জামিনযোগ্য। এই অপরাধ নিয়ে কি আগে কোনও বৈঠক হয়েছিল? থানার ওসি কী করে জানবেন পরের দিন একটা খুন হতে পারে? এটাকে কি ষড়যন্ত্র বলা যায়? বিচারক প্রশ্ন করেন, এঁদের দু'জনের বিরুদ্ধে কোনও প্রমাণ আছে, তখন সরকারি আইনজীবী বলেন, এঁরা পরস্পরকে চিনতেন। বিচারক বলেন, ওসি-র বিরুদ্ধে আলাদা এফআইআর করা উচিত ছিল। এদিন সিবিআই আদালতে জানিয়েছে, তথ্য সংগ্রহের কাজ অনেকটাই এগিয়েছে। এঁদের জেরা করে মূল অপরাধী এবং বাকিদের সম্পর্কে জানার চেষ্টা চলছে।

মুখ্যমন্ত্রীর নির্দেশ

উৎসবে সবজির দাম যেন না বাড়ে

রিনা ভট্টাচার্য

রাজ্যে সাম্প্রতিক অতিবর্ষণ এবং আসন্ন উৎসবের মরশুমকে সামনে রেখে শাকসবজির দাম যাতে না বাড়ে সে দিকে নজর দিতে নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তাঁর নির্দেশে মঙ্গলবার নবান্নে টাস্ক ফোর্সের বৈঠক করলেন মুখ্যসচিব মনোজ পন্থ। বৈঠকে এনফোর্সমেন্ট বিভাগ ও পুলিশকে বাজারে নিয়মিত নজরদারি করার নির্দেশ দেওয়া হয়েছে। পরিস্থিতির সুযোগ নিয়ে ফড়েরা যাতে সক্রিয় না হয়ে উঠতে পারে তাও দেখতে বলা হয়েছে। আনাজপাতি-সহ নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রীর বাজারদর নিয়ে এদিন পর্যালোচনা করা হয়। বৈঠকে সংশ্লিষ্ট সব দপ্তরের সচিব-সহ শীর্ষ আধিকারিক, ব্যবসায়ী সংগঠন, হিমঘর মালিক প্রতিনিধি এবং সরকারের তৈরি টাস্ক ফোর্সের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। হাওড়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসক ও পুলিশ সুপাররাও ভার্চুয়াল মাধ্যমে বৈঠকে যোগ দেন। সাম্প্রতিক দুর্যোগের জেরে ফসলের ক্ষতি হয়েছে কিনা এবং তার প্রভাব আগামী দিনে বাজারদরে পড়তে পারে কিনা সে বিষয়টিও বৈঠকে আলোচনা হয়। সরকারি টাস্ক ফোর্সের সদস্য রবীন্দ্রনাথ কোলে জানিয়েছেন, এখনও পর্যন্ত সবজির দাম নিয়ন্ত্রণে রয়েছে। অতিবৃষ্টির জেরে সবজির কোনও ক্ষতি হয়েছে কি না তার খোঁজ নেওয়া হচ্ছে। তবে পেঁয়াজের আমদানি কমে যাওয়ায় খুচরো বাজারে দাম বেড়ে গেছে। এমত অবস্থায় সুফল বাংলা স্টলগুলি থেকে সুলভে মানুষকে পেঁয়াজ সরবরাহ করার নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যে বর্তমানে ৬২৪টি সুফল বাংলা স্টল রয়েছে। বৈঠকে পুজোর আগে সুফল বাংলার স্টলের সংখ্যা আরও বাড়ানো হবে বলে জানানো হয়েছে। ভ্রাম্যমাণ স্টলের মাধ্যমে পাড়ায় পাড়ায় গিয়ে সুলভে সবজি বিক্রি করা হবে। টাস্ক ফোর্সকেও নিয়মিত বাজার পরিদর্শন করতে বলা হয়েছে। সুফল বাংলার বিপণিগুলিতে কোন্ সবজি কত দামে বিক্রি হবে এখন তা আগের দিন জেনে নিতে পারছেন ক্রেতারা। www.sufalbangla.in ওয়েবসাইট খুললেই জানা যায় পরের দিনের সবজির দাম। আগে থেকে দাম জানা থাকলে নিজেদের সুবিধে ও প্রয়োজন অনুযায়ী সবজি কিনতে পারেন ক্রেতারা। সম্প্রতি প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন পুজোর আগে জিনিসপত্রের দাম বাড়ার প্রবণতা দেখা দেয়। পরিস্থিতি পর্যালোচনা করতে তিনি বৈঠক ডাকার নির্দেশ দিয়েছিলেন। সেইমতো এদিন বৈঠকটি হয়েছে। খাদ্যসামগ্রীর দাম নিয়ে নবান্নে কিছুদিন আগে মুখ্যসচিব একটি বৈঠক করেছিলেন। সেখানে মুখ্যমন্ত্রী হঠাৎ করেই বৈঠকে উপস্থিত হয়েছিলেন। ভিন রাজ্যে আলু পাঠানোর জন্য শর্তসাপেক্ষে ব্যবসায়ীদের অনুমতি দেওয়া হয়। তার আগে ভিন রাজ্যে আলু পাঠানোর ওপর নিষেধাজ্ঞা জারি ছিল।

১০ জেলায় বন্যা পরিস্থিতি

● ১ পাতার পর

পরিবহণ সচিব সৌমিত্র মোহন, বাঁকুড়ার জন্য শ্রম সচিব অবনীন্দ্র সিং, পুরুলিয়ার দায়িত্বে শিল্প দপ্তরের বিভাগীয় সচিব পি এম গান্ধী, পশ্চিম বর্ধমানের দায়িত্বে অনগ্রসর শ্রেণি কল্যাণ সচিব সঞ্জয় বনশল এবং পূর্ব বর্ধমানের ক্ষেত্রে রয়েছেন পঞ্চায়েত দপ্তরের সচিব পি উলগানাথন। গভীর নিম্নচাপের ফলে প্রবল বৃষ্টি হয়েছে দক্ষিণবঙ্গের ১০ জেলায়। অতিরিক্ত বৃষ্টি হওয়ার ফলে রূপনারায়ণ, দ্বারকেশ্বর, শিলাবতী, কপালেশ্বরী, কেলেঘাই-সহ বেশ কয়েকটি নদীতে জল বিপদসীমার ওপর দিয়ে বইছে। এই দুর্যোগের পরিপ্রেক্ষিতে এখনও পর্যন্ত রাজ্যে মৃত্যু হয়েছে দু'জনের। পূর্ব বর্ধমানে দেওয়াল চাপা পড়ে একজন মারা গিয়েছেন। হুগলি জেলায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একজনের মৃত্যু হয়েছে। রাজ্যের ওই জেলাগুলিতে ১৮০টি ত্রাণ শিবির চলছে। এর মধ্যে বাঁকুড়ায় ২৯, পশ্চিম মেদিনীপুরে ৩৩, হুগলি জেলায় ৫১, বীরভূমে ১২, ঝাড়গ্রামে ৫, উত্তর ২৪ পরগনায় ৪৬, দক্ষিণ ২৪ পরগনায় ৩ এবং মুর্শিদাবাদে একটি ত্রাণ শিবির চলছে। এই ত্রাণ শিবিরগুলিতে মোট ৭ হাজার ৯৫২ জন রয়েছেন।

এদিকে, আবহাওয়া দপ্তর জানিয়েছে, নিম্নচাপ ছত্তিশগড়ের দিকে সরে গেছে। বাংলায় কমেছে বৃষ্টি। আগামী কয়েকদিন রাজ্যে বৃষ্টির সম্ভাবনা কম। কোথাও হলেও তা হবে হালকা এবং একেবারেই স্থানীয় ভাবে। তবে আকাশে মেঘ থাকবে। বৃষ্টির কারণে হাওয়ায় রয়েছে বাড়তি আর্দ্রতা। এর কারণে সর্বনিম্ন তাপমাত্রা চড়ে থাকবে। সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রার ব্যবধান কমে যাওয়ায় গুমোট পরিস্থিতি তৈরি হবে। আগামী কয়েকদিন বৃষ্টি কম হলে দক্ষিণবঙ্গের নদীগুলিতে তুলনামূলকভাবে জল কমার সম্ভাবনা রয়েছে। যে সব নিচু এলাকায় জল ঢুকে রয়েছে তাও ধীরে ধীরে নামতে শুরু করবে।

চলছে টালবাহানা

● ১ পাতার পর

এদিকে, আর জি কর কাণ্ডে নির্যাতিতার বাবা যে সব বিষয় তুলেছেন, সিবিআইয়ের সেগুলি দেখা উচিত বলে জানান প্রধান বিচারপতি। সলিসিটর জেনারেল এদিন আশ্বাস দিয়েছেন, তদন্তের জন্য নির্যাতিতার বাবার সঙ্গে যোগাযোগ রাখবে সিবিআই। চিকিৎসকদের আইনজীবী ইন্দিরা জয় সিং দাবি করেন, 'ক্রাইম সিনে অনেকে উপস্থিত ছিলেন। চাইলে সিবিআইকে আমরা নাম দিতে পারি। মুখবন্ধ খামে তা পেশ করতে পারি।' সলিসিটর জেনারেল উদ্বেগ প্রকাশ করেছেন, উইকিপিডিয়ায় এখনও দেখা যাচ্ছে নির্যাতিতার নাম, ছবি। কোর্টের নির্দেশ, অবিলম্বে তা সরাতে হবে।

পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়-এর অনুপ্রেরণায়
Bangla Sahayata Kendra
ঐতিহ্যমণ্ডিত বাংলার তাঁত শিল্পীদের সৃষ্টির সম্ভার
শারদীয়া হ্যাণ্ডলুম এন্ড হ্যাণ্ডলুম বেসড হ্যাণ্ডিক্রাফটস্ ফেয়ার ২০২৪
সবারে করি আহ্বান
প্রবেশ অবাধ
তারিখ ঃ ২০শে সেপ্টেম্বর, ২০২৪ হইতে ১লা অক্টোবর, ২০২৪
স্থান ঃ ক্ষোয়ার ফিল্ড ময়দান, বহরমপুর, মুর্শিদাবাদ
সময় ঃ দুপুর ২টো হইতে রাত্রি ৯টা পর্যন্ত
(শনি, রবি ও অন্যান্য ছুটির দিনে বেলা ১২টা হইতে)
ঃ আয়োজক ঃ
তাঁত ও বস্ত্র শিল্প অধিকার, ড্যামিন আধিকারিক (হস্ত দাঁত), বহরমপুর, মুর্শিদাবাদ
ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প এবং বস্ত্র দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার এবং মুর্শিদাবাদ জেলা প্রশাসন

নতুন সিপি মনোজ বর্মা স্বাস্থ্যেও বদল ২ অধিকর্তা

● ১ পাতার পর

মঙ্গলবার স্বাস্থ্য দপ্তর থেকে একটি নির্দেশিকা প্রকাশ করে এ কথা জানানো হয়েছে। একই সঙ্গে জানানো হয়েছে, স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তা ডাঃ কৌস্তুভ নায়েককে বদলি করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ইনস্টিটিউটের অধিকর্তা করা হয়েছে। ভারপ্রাপ্ত স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তা হলেন ডাঃ অনিরুদ্ধ নিয়োগী। পাশপাশি ডাঃ সুপর্ণা দত্তকে স্বাস্থ্য-শিক্ষা বিভাগের ওএসডি করা হয়েছে। এর আগে তিনি স্বাস্থ্য পরিবার কল্যাণ ইনস্টিটিউটের অধিকর্তা ছিলেন।

কলকাতা পুলিশের নগরপাল বিনীত গোয়েল, উপনগরপাল(উত্তর) অভিষেক গুপ্তা এবং স্বাস্থ্য দপ্তরের দুই কর্তাকে বদলির সিদ্ধান্ত মঙ্গলবারই কার্যকর করা হয়েছে। প্রতিশ্রুতিমতো বিকেলের মধ্যেই তা কার্যকর হল। কলকাতা পুলিশের নতুন নগরপাল হিসেবে দায়িত্ব দেওয়া হল মনোজ বর্মাকে। বিনীত গোয়েলকে পাঠানো হল রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্সের এডিজি পদে। মনোজ বর্মা নগরপালের দায়িত্বে আসার আগে এডিজি (আইনশৃঙ্খলা) পদে ছিলেন। সেই পদে দায়িত্ব পেলেন জাভেদ শামিম। জ্ঞানবন্ত সিংকে পাঠানো হল রাজ্য পুলিশের ইন্টেলিজেন্স ব্যুরোর এডিজি পদে। তিনি ছিলেন অর্থনৈতিক দুর্নীতিদমন শাখার এডিজি। তাঁর জায়গায় এলেন ত্রিপুরারী অথর্ব। অভিষেক গুপ্তাকে পাঠানো হল ইস্টার্ন ফ্রন্টিয়ার রাইফেলসের দ্বিতীয় ব্যাটেলিয়নের কমান্ডিং অফিসার পদে। কলকাতা পুলিশের নতুন উপনগরপাল (উত্তর) হলেন দীপক সরকার। তিনি শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের ডিসি (ইস্ট) পদে ছিলেন।

নতুন পুলিশ কমিশনার মনোজ বর্মা মঙ্গলবার বিকেলেই বিনীত গোয়েলের কাছ থেকে তাঁর দায়িত্ব বুঝে নেন। ১৯৯৮ ব্যাচের আইপিএস মনোজ বর্মা কলকাতা ও রাজ্য পুলিশের বহু গুরুত্বপূর্ণ পদে ছিলেন। রাজস্থানের সোয়াই-মাধোপুরের বাসিন্দা মনোজ বর্মা ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি নেওয়ার পর আইপিএস হন। হায়দরাবাদে পুলিশ অ্যাকাডেমি থেকে প্রশিক্ষণ নেন। কর্মজীবনে এসডিপিও (চন্দননগর), অ্যাডিশনাল এসপি (খড়্গপুর), পুলিশ সুপার (পশ্চিম মেদিনীপুর), কলকাতা পুলিশের ডিসি (ট্রাফিক) পদে ছিলেন। পশ্চিম মেদিনীপুরে মাওবাদী দমনে তাঁর উল্লেখযোগ্য ভূমিকা ছিল। সে সময় মূলত তাঁর উদ্যোগেই বিদেশ থেকে অত্যাধুনিক এক্স নাইন্টি ফাইভ সাব-মেশিনগান আনা হয়েছিল। গভীর জঙ্গলে মাওবাদী দমনে লেজার বিম দেওয়া এই মেশিনগানটি অত্যন্ত কার্যকর হয়েছিল সেই সময়। এরপর দার্জিলিং রেঞ্জের আইজি, কাউন্টার ইনসার্জেন্সি ফোর্সের অন্যতম কর্তা হিসেবেও তিনি দায়িত্ব পালন করেছেন। ছিলেন ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের কমিশনার, এডিজি (আইবি) এবং এডিজি (আইনশৃঙ্খলা) পদে। ২০১৭ সালে সাধারণতন্ত্র দিবসে মেরিটোরিয়াস সার্ভিস পুলিশ মেডেলে সম্মানিত হন। ২০১৯ সালে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তাঁকে পুলিশ পদকে সম্মানিত করেছিলেন।

৩ তলা থেকে পড়ে জখম যুবক, আটক ১

তিনতলা আবাসনের ছাদ থেকে পড়ে জখম হলেন এক যুবক। মঙ্গলবার বিকেলে ঘটনাটি ঘটেছে কসবা থানা এলাকার সুইনহো লেনে। গুরুতর জখম অবস্থায় তিনি হাসপাতালে চিকিৎসাধীন। একজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। বিশ্বকর্মা পুজো উপলক্ষে এদিন বিকেলে স্থানীয় একটি নির্মীয়মাণ তিনতলা আবাসনের ছাদে বসে ৫-৬ জন বন্ধুর সঙ্গে খাওয়াদাওয়া করছিলেন ২৪ বছরের সুদীপ নস্কর। এরই মধ্যে তাঁরা কোনও বিষয়ে নিজেদের মধ্যে বচসা ও হাতাহাতিতে জড়িয়ে পড়েন। সাড়ে ৫টা নাগাদ হঠাৎই তিনতলার ছাদ থেকে পড়ে গিয়ে গুরুতর জখম হন সুদীপ। এলাকাবাসীরা তাঁকে কড়েয়ার একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যান। সেখানেই ওই যুবকের চিকিৎসা চলছে।

টাইড ওয়াটার অয়েল কোং (ইন্ডিয়া) লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ইউল হাউস | ৮, ডঃ রাজেন্দ্র প্রসাদ সরণী | কলকাতা ৭০০ ০০১
ফোন: ০৩৩-৭১২৫ ৭৭০০ | ফ্যাক্স: ০৩৩-২২৪২ ১০৮৭
ই-মেল: tidecal@veedol.com
ওয়েবসাইট: www.veedolindia.com; www.veedol.com
সিআইএন: এল২৩২০৯ডব্লিউবি১৯২১পিএলসি০০৪৩৫৭

বিজ্ঞপ্তি
(কোম্পানির ইক্যুয়িটি শেয়ারহোল্ডারদের মনোযোগের জন্য)

বিষয়: কোম্পানির ইক্যুয়িটি শেয়ারগুলি ইনভেস্টর এডুকেশন এন্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ) সাসপেন্স/ডিম্যাট অ্যাকাউন্ট-এ হস্তান্তর

কোম্পানি বিষয়ক মন্ত্রক কর্তৃক ২৮শে ফেব্রুয়ারি, ২০১৭-এ প্রজ্ঞাপিত জি.এস.আর.১৭৮(ই)-এর পঠনক্রমে কোম্পানি বিষয়ক মন্ত্রক দ্বারা বিজ্ঞাপিত এবং সময়ে সময়ে সংশোধিত ইনভেস্টর এডুকেশন এন্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার এন্ড রিফান্ড) রুলস, ২০১৬ (রুলস)-এর ব্যবস্থানুসারে এই নোটিস প্রকাশিত হচ্ছে।

উপরোক্ত রুলস্-এ, অপরাপর বিষয়ের মধ্যে, যে সকল শেয়ারহোল্ডার তাদের লভ্যাংশ, একাদিক্রমে সাত বছরের জন্য দাবি করেনি তাদের শেয়ার ইনভেস্টর এডুকেশন এন্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ) সাসপেন্স/ডিম্যাট অ্যাকাউন্ট-এ হস্তান্তরের নির্দেশ রয়েছে।

রুলস্-এ বিবৃত বিভিন্ন আবশ্যকতাগুলি অনুসরণ করে অত্র কোম্পানি সেইসব শেয়ারহোল্ডারদের, যাদের শেয়ারগুলি উক্ত আইনের অধীনে আইইপিএফ সাসপেন্স/ডিম্যাট অ্যাকাউন্ট-এ হস্তান্তরের জন্য দায়বদ্ধ, সঙ্গে এককভাবে নবীনতম উপলব্ধ ঠিকানায় যোগাযোগ করেছে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য।

কোম্পানি স্বীয় ওয়েবসাইট www.veedolindia.com-এ আইইপিএফ সাসপেন্স/ডিম্যাট অ্যাকাউন্ট-এ ট্রান্সফারের জন্য এরূপ শেয়ারহোল্ডার ও শেয়ারগুলির সম্পূর্ণ বিবরণ আপলোড করেছে। শেয়ারহোল্ডারদের https://www.veedolindia.com/sites/default/files/assets/pdf/Shareholders-List-2017-18I.pdf ওয়েবলিঙ্কে গিয়ে আইইপিএফ সাসপেন্স/ডিম্যাট অ্যাকাউন্ট-এ হস্তান্তরে দায়বদ্ধ শেয়ারগুলি এবং নগদ না হওয়া লভ্যাংশগুলির বিবরণ যাচাই করে নিতে অনুরোধ করা হচ্ছে।

এই সকল শেয়ারহোল্ডারদের এতদ্বারা অনুরোধ করা হচ্ছে যে তাদের শেয়ারসমূহ আইইপিএফ-এ হস্তান্তর না করার উদ্দেশ্যে তারা যেন কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্টের কাছে ১৮ই ডিসেম্বর, ২০২৪-এর মধ্যে ২০১৭-১৮ আর্থিক বছরের অন্তর্বর্তীকালীন লভ্যাংশ থেকে দাবি না করা লভ্যাংশগুলি যথাযথ নথিপত্র জমা করে দাবি করেন।

কোনও ক্ষেত্রে যদি কোম্পানি ১৮ই ডিসেম্বর, ২০২৪-এর মধ্যে সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণের কাছ থেকে কোনও বার্তা না পায়, তাহলে রুলসে থাকা কার্যপ্রণালী অনুযায়ী নির্দিষ্ট তারিখের মধ্যে কোম্পানি নিম্নলিখিত উপায়ে আইইপিএফ সাসপেন্স/ডিম্যাট অ্যাকাউন্ট-এ শেয়ার হস্তান্তর করতে বাধ্য হবে:

১. প্রকৃত আকারে শেয়ার থাকা শেয়ারহোল্ডারদের ক্ষেত্রে কোম্পানি তাদের অরিজিন্যাল শেয়ার সার্টিফিকেট (সমূহ)-এর পরিবর্তে ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট (সমূহ) ইস্যু করবে এবং সে ক্ষেত্রে অরিজিন্যাল শেয়ার সার্টিফিকেট (সমূহ) যা তাদের নামে নিবন্ধযুক্ত রয়েছে তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল এবং অ-হস্তান্তরযোগ্য বলে গণ্য হবে। কোম্পানি কর্তৃক তাদের ওয়েবসাইটে আপলোড করা বিবরণাবলী, এই উদ্দেশ্যে কোম্পানি দ্বারা ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট (সমূহ) ইস্যু করার ক্ষেত্রে পর্যাপ্ত হিসেবে বিবেচিত এবং গণ্য করতে হবে।
২. ডিম্যাট আকারে শেয়ার থাকা শেয়ারহোল্ডারদের ক্ষেত্রে কোম্পানি ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট-এর সহযোগে তাদের শেয়ারসমূহ সরাসরি আইইপিএফ কর্তৃপক্ষকে হস্তান্তর করবে।

শেয়ারহোল্ডারগণ খেয়াল রাখবেন যে দাবিদারহীন লভ্যাংশ এবং শেয়ারসমূহ ও তাদের উপরে জমা হওয়া সকল সুবিধাসমূহ, যদি কিছু থাকে, আইইপিএফ অথরিটি সাসপেন্স/ডিম্যাট অ্যাকাউন্ট-এ হস্তান্তরিত হওয়ার পর, তা রুলস দ্বারা নির্ধারিত কার্যপ্রণালী অবলম্বনে আইইপিএফ কর্তৃপক্ষের কাছ থেকে ফিরিয়ে নেওয়ার দাবি করা যাবে।

কোনও ক্ষেত্রে উপরোক্ত বিষয়বস্তু এবং রুলসের বিষয়ে শেয়ারহোল্ডারগণের কোনও জিজ্ঞাস্য থাকলে তারা, মেসার্স মহেশ্বরী ডেটাম্যাটিক্স প্রাইভেট লিমিটেড-এর, শ্রী রবি কুমার বহল, ভাইস প্রেসিডেন্ট, ২৩, আর এন মুখার্জী রোড, ৫তলা, কলকাতা-৭০০ ০০১, টেলিফোন: ০৩৩ ২২৪৩ ৫০২৯/২২৪৮ ২২৪৮, ইমেল: mdpldc@yahoo.com-এ কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্টের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

পর্ষদের অনুমত্যানুসারে
টাইড ওয়াটার অয়েল কোং (ইন্ডিয়া) লিঃ-এর পক্ষে
স্বা/-
(সপ্তর্ষি গাঙ্গুলি)
কোম্পানি সেক্রেটারি
এফসিএস ১২৪১৬

স্থান : কলকাতা
তারিখ: ১৭ই সেপ্টেম্বর, ২০২৪

ফিলিপস ইন্ডিয়া লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৩, টাওয়ার 'এ', ডিএলএফ আইটি পার্ক, ০৮ ব্লক এএফ, মেজর আর্টেরিয়াল রোড, নিউ টাউন (রাজারহাট), কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০১৫৬
CIN: U31902WB1930PLC006663
ফোন: +৯১ ১২৪ ৪৬০৬০০০, ফ্যাক্স: +৯১ ১২৪ ৪৬০৬৬৬৬, ওয়েবসাইট: www.philips.co.in

কোম্পানির শেয়ারধারকদের প্রতি নোটিস

ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড ('আইইপিএফ')
কর্তৃপক্ষের কাছে ইকুইটি শেয়ারসমূহ স্থানান্তরের জন্য

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ('অ্যাক্ট')-এর ১২৪(৫) নং ধারার শর্তানুযায়ী কোম্পানির অপ্রদত্ত ডিভিডেন্ড অ্যাকাউন্টে স্থানান্তরিত যে কোনও অর্থাঙ্ক, যা এরূপ স্থানান্তরের তারিখ থেকে সাত (৭) বছর ধরে অপ্রদত্ত রয়েছে, তা কেন্দ্রীয় সরকার দ্বারা স্থাপিত আইইপিএফে (ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড) স্থানান্তর করতে হবে।

পাশাপাশি, ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) রুল, ২০১৬ ('আইইপিএফ রুলস')-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১২৪(৬) নং ধারার সংস্থান অনুযায়ী, যে সকল শেয়ারের ওপর লভ্যাংশ উপর্যুপরি সাত (৭) বছর বা তারও বেশি সময় ধরে অপ্রদত্ত বা দাবিহীন রয়েছে, সেগুলিও এই কোম্পানির তরফে আইইপিএফ